ভোরের কাগজ

তারিখ ........ 30 MAY 2013
পৃষ্ঠা ....১.... কলাম ....৩......

# নকল কমেছে : এইচএসসি আলিম ও ফাজিল পরীক্ষায় বহিষ্কার সহস্রাধিক

কাগজ প্রতিবেদক : এইচএসসি পরীক্ষা এবং আলিম ও ফাজিল পরীক্ষায় গতকাল বৃহস্পতিবার পরীক্ষার প্রথম দিনে নকলের প্রবণতা অন্যান্য বছরের তুলনায় ছিল কম। ফলে শিক্ষার্থী বহিষ্কারও কম ছিল। আর শিক্ষক বহিষ্কারের ঘটনা ছিল হাতেগোনা। দেশব্যাপী গ্রেপ্তারের ঘটনাও ছিল নগণ্য।

গতকাল এইচএসসি ইংরেজি প্রথমপত্র পরীক্ষায় বহিষ্কারের সংখ্যা হচ্ছে পৌনে ৮০০ এবং আলিম ও ফাজিল পরীক্ষায় ২৭২ জন পরীক্ষার্থী। সারা দেশে ২ জন শিক্ষককে বহিষ্কারের খবর পাওয়া গেছে।

তবে বিভিন্ন জায়গার প্রতিনিধিদের পাঠানো খবর অনুযায়ী বিক্ষিপ্ত কিছু ঘটনার খবর পাওয়া গেছে। এইচএসসিতে বোর্ড অনুযায়ী বহিষ্কারের সংখ্যা হচ্ছে ঢাকা বোর্ডে ১২৫ জন, কুমিল্লায় ৫৩ জন, চট্টগ্রামে ৮৩ জন, যশোরে ৫৯ জন, সিলেটে ২৫ জন, রাজশাহীতে ৩৫৯ জন এবং বরিশালে ৭৬ জন।

শেষ খবর পাওয়া পর্যন্ত মাদ্রাসা বোর্ডের ৩০২টি কেন্দ্রের মধ্যে ১৪৮টি কেন্দ্রে আলিম পরীক্ষায় ২০০ জন এবং ফাজিল পরীক্ষায় ৭২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

উল্লেখ্য, গত বছর এইচএসসি পরীক্ষার প্রথম দিনে সাড়ে ৭ হাজার পরীক্ষার্থী এবং ৪০ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছিল। আর মাদ্রাসা বোর্ডে ৩৪৯ জন এবং কারিগরি বোর্ডে ১২২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছিল।

শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক পরীক্ষার প্রথম দিনে ঢাকা মহানগরীতে বদরুন্নেসা কলেজ, আলিয়া মাদ্রাসা, তেজগাঁও কলেজসহ কয়েকটি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। মন্ত্রী পরীক্ষার্থীদের বিরক্তি না ঘটিয়ে কক্ষের বাইরে থেকেই কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কাছ

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ২





(বাঁয়ে) গতকাল শুরু হওয়া এইচএসসি ও আলিম-ফাজিল ও কামিল পরীক্ষায় চট্টগ্রামের গহিরা ফাযেউল উলুম মাদ্রাসা কেন্দ্রে বহিষ্কৃত ২৫ ছাত্র শিক্ষা প্রতিমন্ত্রীর পা ধরে ক্ষমা চায় (ডানে), রাজধানীর ঢাকা কলেজ কেন্দ্রে নির্বিঘ্নে পরীক্ষা গ্রহণের দৃশ্য —ভোরের কাগজ

## নকল কমেছে : এইচএসসি আলিম

● প্রথম পাতার পর

থেকে খোঁজ-খবর নেন। সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষা কেন্দ্র পরিচালনার সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রচলিত পরীক্ষা আইন, বিধি ও নির্দেশনাসমূহ যথাযথভাবে পালনের নির্দেশ দেন তিনি।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে ৫টি জেলায় এইচএসসি পরীক্ষার প্রথম দিনে অসদুপায় অবলম্বনের দায়ে সর্বমোট ৮৩ জন ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।

রাজশাহী শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষার প্রথম দিনে নকল করার দায়ে বিভাগের ১৫টি জেলা থেকে মোট ৩৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। উল্লেখ্য, গত বছর পরীক্ষার প্রথম দিনে রাজশাহীতে বহিষ্কারের সংখ্যা ছিল ৩ হাজার ২৭৩ জন।

বরিশাল বোর্ডে নকলের অভিযোগে ৭৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। জানা যায়, শিক্ষা সচিবের নির্দেশ অনুযায়ী কেন্দ্রে সাংবাদিকদের প্রবেশ নিষিদ্ধ করে বিভিন্ন কেন্দ্রে নকলের সুযোগ করে দেওয়ার অভিযোগ এসেছে। তবে বরিশাল শহরের কেন্দ্রগুলোতে সাংবাদিকদের প্রবেশে কোনো কড়াকড়ি আরোপ করা হয়নি।

ঠাকুরগাঁও প্রতিনিধি জানান, জেলার ১৭টি পরীক্ষা কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ৬৩ জনকে বহিষ্কার করা হয়েছে। জেলার ঝুঁকিপূর্ণ নকলপ্রবণ সালন্দর ও রুহিয়া কেন্দ্রে বিশেষ সতর্কমূলক ব্যবস্থা নেওয়া হলেও এসব কেন্দ্রে নকলের মহাউৎসব পরিলক্ষিত হয়েছে। অন্যদিকে সালন্দর, খোশবাজার ও লাহিড়ি মাদ্রাসা কেন্দ্রেও নকল পরিলক্ষিত হয়েছে।

কিশোরগঞ্জ প্রতিনিধি জানান, জেলার একটি কেন্দ্রে প্রশ্নপত্র কম থাকায় ৪০ মিনিট দেরিতে উক্ত কেন্দ্রে পরীক্ষা শুরু হয়। কিশোরগঞ্জ গুরুদয়াল সরকারি কলেজ কেন্দ্রে ২৯৮টি প্রশ্নপত্র কম থাকায় কর্তৃপক্ষ সরকারি মহিলা কলেজ থেকে ১২৪টি এবং ওয়ালি নেওয়াজ খান কলেজ কেন্দ্র থেকে ১৭৪টি প্রশ্নপত্র এনে নির্ধারিত সময়ের ৪০ মিনিট পর পরীক্ষা শুরু করেন। এ সময় পরীক্ষার্থীদের মধ্যে চরম উৎকণ্ঠা ও বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হলে কর্তৃপক্ষ সময় বেশি দেওয়ার আশ্বাস দিয়ে পরীক্ষা শুরু করেন। কিশোরগঞ্জের গুরুদয়াল সরকারি কলেজ কেন্দ্রে ১ জন এইচএসসি পরীক্ষার্থী ও পাকুন্দিয়া উপজেলার মঙ্গলবাড়িয়া মাদ্রাসা কেন্দ্রে ১ জন আলিম পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

নোয়াখালী প্রতিনিধি জানান, জেলার ২১টি কেন্দ্রে ৫৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে এবং জেলা প্রশাসন কর্তৃক গঠিত পর্যবেক্ষক দল ২ জন শিক্ষককে দায়িত্বে অবহেলার কারণে অব্যাহতি দিয়েছে।

শ্রীপুর (গাজীপুর) প্রতিনিধি জানান, শ্রীপুরের পরীক্ষা কেন্দ্রগুলোতে ছেঁড়া জুতা ও ছেঁড়া কাপড় নিয়ে হলে প্রবেশ পরীক্ষার্থীদের জন্য নিষিদ্ধ ছিল। তারপরও পরীক্ষার প্রথম দিনে শ্রীপুর বিশ্ববিদ্যালয় কলেজ, ভেন্যু থেকে কামরুল হাসান নামে এক ছাত্রের দেহ তল্লাশি করে পরিহিত দুটি জিন্সের প্যান্টের ভেতর থেকে নকল উদ্ধার করা হয়। কারিগরি কলেজে ঐ ছাত্রকে পরে বহিষ্কার করা হয়।

বরিশাল বোর্ডে একজন ভিজিল্যান্স টিমের সদস্য নকল প্রতিরোধের চেষ্টা করায় হামলা, লাঞ্ছনা ও অপহরণ প্রচেষ্টার শিকার হয়েছেন। নীলফামারী প্রতিনিধি জানান, পরীক্ষা চলাকালীন নীলফামারী সরকারি কলেজ কেন্দ্রে ১৪৪ ধারা ভঙ্গ করে নকল সরবরাহ করার সময় হাসিবুল (২৫) নামে একজন বহিরাগতকে পুলিশ গ্রেপ্তার করেছে। কসবা দাখিল মাদ্রাসার একজন পরীক্ষার্থিনীকে কেন্দ্রে প্রবেশের সময় সন্ত্রাসীরা এসিড নিক্ষেপ করায় শরীর ঝলসে যায় এবং সেই পরীক্ষার্থিনী পরীক্ষা দিতে পারেননি। তাকে আহত অবস্থায় স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। ডিমলা সোনাখুলি তালতলা মাদ্রাসার সুপার শহিদুল ইসলামের প্রতারণার কারণে ১০ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিতে পারেননি।

গাজীপুরে দুই সেট প্রশ্নপত্র ছাপা হওয়ায় ছাত্রছাত্রীরা বিক্ষোভ প্রদর্শন করে। গাজীপুরে মোট ১২ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এর মধ্যে কাপাসিয়ায় ৯ জন, শ্রীপুরে ১ জন ও কালিগঞ্জ উপজেলায় ২ জন বহিষ্কৃত হয়। নীলফামারী প্রতিনিধি জানান, পরীক্ষার প্রথম দিনে জেলার ১৩টি কেন্দ্র থেকে নকল করার অভিযোগে ৪৭ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে এইচএসসির ১২ জন, মাদ্রাসা বোর্ডের ২১ জন ও কারিগরি বোর্ডের ১৪ জন।

ধামরাই প্রতিনিধি জানান, পরীক্ষার প্রথম দিনে সেখানে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে এবং কোনো বহিষ্কার বা গ্রেপ্তারের ঘটনা ঘটেনি।

পূর্বধলা প্রতিনিধি জানান, পূর্বধলা উপজেলার ৩টি কেন্দ্রে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ৩টি কেন্দ্রে মোট ১ হাজার ২৪৭ জন পরীক্ষার্থীর মধ্যে অসদুপায় অবলম্বনের দায়ে ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

ঢাকা, কুমিল্লা, যশোর, রাজশাহী, সিলেট, বরিশাল শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের মোট ১ হাজার ৫৮৬টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

পরীক্ষায় মোট ৩ লাখ ৮৮ হাজার ২৪৮ জন ছাত্র এবং ২ লাখ ৪৩ হাজার ৫২ জন ছাত্রীসহ মোট ৬ লাখ ৩১ হাজার ৩০০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছে।